এপ্রিল-জুন ২০২৬ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



## বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

**উপদেষ্টামন্ডলী**

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ মোশাররফ হোসেন**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ সাইফুল ইসলাম**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

**সমন্বয়ক**
**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**প্রকাশক**
**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

**সম্পাদক**
**বিমল চন্দ্র রায় এফসিএস**
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**সহকারী সম্পাদক**
**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**এপ্রিল-জুন ২০২৬ সংখ্যা**

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়মিতভাবে কোম্পানির কর্মকান্ডের তথ্য সকলের জ্ঞাতার্থে প্রকাশ করে আসছে। এ ধারাবাহিকতায় কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ, বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২৫-২০২৬ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে। এ সংখ্যায় কোম্পানির বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়েছে। যাতে করে জনসাধারণ অত্র কোম্পানির জনকল্যাণমূলক কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হতে পারে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করতে বদ্ধপরিকর। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বেও নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৫-২০২৬ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য



প্রকৌ. হাসিবুল হাসান, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৫-২৬ অর্থ বছরে ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর ৪র্থ সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন, সাফল্যের চিত্র সংক্রান্ত কার্যক্রমের সংবাদ জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়ে থাকে এই ত্রৈমাসিক প্রকাশনায়। ‘এনডব্লিপিজিসিএল বার্তা’র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং একই সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র


কোম্পানি পরিচিতি - ৪

এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ - ৫

বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন - ৬

মেহেদী হাসান, উপ-ব্যবস্থাপক (মানবসম্পদ) এর বিদায় সম্বর্ধনা - ৭

মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র এর সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম - ৮

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ১১ (এগার) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩১৯৫.৬৮মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলে আশা করা যায়।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সচিব, জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী হাসিবুল হাসান।

# এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | ১ম ইউনিটঃ মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| ১০ | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৮ | **সেপ্টেম্বর ২০২৪** |
| ১১ | পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৪.৫৫ | **আগস্ট ২০২৫** |
| | | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | **৩১৯৫.৬৮ মেঃওঃ** | |

# বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন

পহেলা বৈশাখ  বাংলা সনের প্রথম দিন। এ দিনটি বাংলাদেশে নববর্ষ হিসেবে পালিত হয়। এটি বাঙালির ঘরে ঘরে পালিত একটি সর্বজনীন লোকউৎসব। এদিন আনন্দঘন পরিবেশে বরণ করে নেওয়া হয় নতুন বছরকে। গ্রামে-শহরে আয়োজিত হয় অসংখ্য বৈশাখী মেলা। কল্যাণ ও নতুন জীবনের প্রতীক হলো নববর্ষ। অতীতের ভুলত্রুটি ও ব্যর্থতার গ্লানি ভুলে নতুন করে সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনায় উদ্যাপিত হয় নববর্ষ। এদিন সরকারি বেসরকারি সকল প্রতিষ্ঠান বন্ধ থাকে।

অফিসে কর্মকর্তা-কর্মচারীদের মেলবন্ধনকে দৃঢ় করার নিমিত্ত নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এক আনন্দঘন পরিবেশে বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন করে। এদিন কর্পোরেট অফিসে বাতাসা, নিমকি, জিলাপি, খৈ সহ নানান পদের বাঙালি খাবারের আয়োজন করা হয় কর্মকর্তা কর্মচারীদের জন্য।






# মেহেদী হাসান, উপ-ব্যবস্থাপক (মানবসম্পদ) এর বিদায় সম্বর্ধনা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এর মানবসম্পদ বিভাগে কর্মরত উপ-ব্যবস্থাপক (মানবসম্পদ) জনাব মেহেদী হাসান বাংলাদেশ-চায়না রিনিউএবল এনার্জি কোম্পানি লিঃ এ ব্যবস্থাপক পদে নিয়োগপ্রাপ্ত হওয়ায় এনডব্লিউপিজিসিএল হতে পদত্যাগ করেন।

এ প্রেক্ষিতে কোম্পানির পক্ষ থেকে তাঁর সর্বাঙ্গীন উন্নতি কামনা করে তাঁকে বিদায় সম্বর্ধনা দেওয়া হয়।







১। Engine এর রেডিয়েটরের fins গুলো পরিষ্কার করার জন্য উপরের safety guard খোলা হয়। তারপরে vacuum cleaner দিয়ে ময়লা গুলো বের করা হয়। এর পরে Liquid detergent ও পানি দিয়ে ভালোভাবে fins গুলো পরিষ্কার হয়। উল্লেখ্য এটা বাৎসরিক শিডিউল মেইন্টেন্যান্স কাজ।



**চিত্রঃ Radiator এর safety guard খোলা হচ্ছে**



**চিত্রঃ Fins গুলো পানি দিয়ে পরিষ্কার করা হচ্ছে**

**চিত্রঃ Liquid detergent ও পানি দিয়ে পরিষ্কার করার পরের অবস্থা**

২। Engine #3 এর 8000 hr schedule maintenance এর সময় চলে আসায় এই কাজের আওতায় নিম্মলিখিত কাজ গুলো করা হয়ঃ

- উভয় ব্যাংকের ফুয়েল পাম্পের fuel rack লুব্রিকেশন করা হয়েছে এবং fuel rack গুলো সহজে move করছে কিনা তা পরীক্ষা করা হয়েছে।
- উভয় ব্যাংকের টার্বোচার্জারের ইনলেট লাইনের চার্জ এয়ার ফিল্টার প্রেসারযুক্ত বাতাস (ড্রাই ক্লিন) দিয়ে পরিষ্কার করা হয়েছে।
- Actuator এর তেল পরিবর্তন করা হয়েছে এবং অয়েল ফিল্টার পরিষ্কার করা হয়েছে।
- সকল সিলিন্ডারের yoke এবং valve clearance পরীক্ষা করা হয়েছে। এছাড়া valve rorator এর visual inspection করা হয়েছে।
- টার্নিং গিয়ারের সেকেন্ডারি shaft-এ গ্রিজ দেয়া হয়েছে।
- সকল সিলিন্ডারের camshaft এর contact face পর্যবেক্ষণ করা হয়েছে।
- ইঞ্জিন গরম অবস্থায় crankshaft-এর hot deflection পরীক্ষা করা হয়েছে।
- ফ্লেক্সিবল কাপলিংয়ের অ্যালাইনমেন্ট পরীক্ষা করা হয়েছে।
- ইন্টারমিডিয়েট গিয়ারের লুব্রিকেশন পরীক্ষা করা হয়েছে।



চিত্রঃ **Fuel rack এ লুব্রিকেশন করা হচ্ছে**



চিত্রঃ চার্জ এয়ার ফিল্টার গুলো বাতাস দিয়ে পরিষ্কার করা হচ্ছে



চিত্রঃ Actuator এর  used oil বের করে নতুন oil দেওয়া হচ্ছে



চিত্রঃ Yoke and valve clearance চেক করা হচ্ছে




চিত্রঃ Turning gear’s secondary shaft এ greasing করা হচ্ছে



চিত্রঃ Camshaft contact faces inspection করা হচ্ছে



চিত্রঃ Crankshaft hot deflection measure করা হচ্ছে




চিত্রঃ Flexible coupling alignment চেক করা হচ্ছে

অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় এপ্রিল-জুন ২০২৬ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও 'এনডব্লিউপিজিসিএল বার্তা' প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।